

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫২৬.১৭/৫১২

তারিখঃ ২৪ আগস্ট ২০২২
২ ভাদ্র ১৪২৯

প্রাপকঃ জনাব মুহাম্মদ রকিব উদ্দিন
প্রধান হিসাব রক্ষক
বিআইডিএস
মোবাইলঃ ০১৫৫২৫৬৬৮৯৫
ই-মেইলঃ raquib@bids.org.bd

বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল।

গবেষণার শিরোনামঃ "A study on Effect of Vat and TAX on Economy of Bangladesh "- শীর্ষক পিএইচডি গবেষণা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৮/০৫/২০১৭ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ১২ (বার) মাস। পরবর্তীতে গবেষকের গবেষণার মেয়াদ ১৭/০৫/২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয় বিধায় বিগত ১৭/০৫/২০২১ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

০২। ইতোপূর্বে আপনি বিগত ০১/০৭/২০১৮ তারিখে উপরোল্লিখিত শিরোনামের পিএইচডি গবেষণাটি ১২ (বার) মাস সময়ের মধ্যে সম্পাদন করার বিষয়ে চুক্তিবদ্ধ হলেও কোন টার্ম রিপোর্ট অথবা আপনার পিএইচডি গবেষণার কোন প্রকার অগ্রগতি প্রতিবেদন দাখিল করেননি। বরাদ্দকৃত অর্থের বিপরীতে আপনি কোন কিস্তিও গ্রহণ করেননি। ইতোপূর্বে গত ১৯/০৫/২০২২ তারিখে পত্র দেয়া হলেও আপনি পরিষদের সাথে কোন প্রকার যোগাযোগও করেননি। এ পরিস্থিতিতে সম্পাদিত চুক্তিনামার 'ঙ' উপঅনুচ্ছেদে বর্ণিত শর্তাবলি পালন করা হয়নি মর্মে প্রতীয়মান হয়।

০৩। এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে গবেষণাটি সমাপ্ত করতে না পারায় এবং সম্পাদিত চুক্তিনামার 'ঙ' উপঅনুচ্ছেদে বর্ণিত শর্তাবলি পালন না করায় বিগত ০১/০৭/২০১৮ তারিখে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে আপনার সম্পাদিত চুক্তিটিকে কেন বাতিল করা হবে না তা আগামী ১৫ (পনের) দিনের মধ্যে পরিষদকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রকার জবাব পাওয়া না গেলে আপনার সাথে পিএইচডি গবেষণার চুক্তি বাতিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য এ পত্রটি চূড়ান্ত তাগিদপত্র হিসেবে বিবেচিত হবে।

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০২৬.১৭

তারিখঃ ২৪ আগস্ট ২০২২
২ ভাদ্র ১৪২৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (পিটিসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির Webportal এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

আপনার বিশ্বস্ত
২৪/০৮/২০২২
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

২৪ আগস্ট ২০২২
২ ভাদ্র ১৪২৯
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা